গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩২, বিচারপতি এস,এম, মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

তারিখ: ২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৪.০৫.০০২.২৪.১৪৭৭

বিষয়: **বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগীতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রেরণ।**
সূত্র: ৪৩.০০.০০০০.১২৪.২৩.২১১.২৪/৬৩২, তারিখ: ১২ ডিসেম্বর ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল) এর সহযোগীতায় তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে নির্ধারিত 'ছক' অনুযায়ী আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের কর্মসূচি পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

| ক্রমিক নং | আলোচ্যসূচি | সিদ্ধান্তসমূহ | আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের কর্মসূচি |
|---|---|---|---|
| ২.২ | বইমেলার আয়োজনে জুলাইয়ের ছাপ। | অমর একুশে গ্রন্থমেলা ২০২৫ এর আয়োজন/ডেকোরেশনে জুলাই অভ্যুত্থান এর প্রতিফলন থাকতে হবে। উক্ত বই মেলায় গণগ্রন্থাগার অধিদপ্তর ও জাতীয় গ্রন্থকেন্দ্র ছাড়াও মন্ত্রণালয়ের আওতাধীন অন্যান্য দপ্তর/সংস্থাও অংশগ্রহণ করবে। | অমর একুশে গ্রন্থমেলা ২০২৫ বই মেলায় আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর অংশগ্রহণ করবে। যেখানে জুলাই গণঅভ্যুত্থান-২০২৪ সম্পর্কিত বিভিন্ন ধরণের ডেকোরেশন,রেকর্ড, ডকুমেন্টস,পেপার ক্লিপিংস,এলবাম, পত্র-পত্রিকা ও বই প্রদর্শনীর আয়োজন করা হবে। |
| ২.৬ | ১৭টি দপ্তর/সংস্থার অংশগ্রহণ | তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপনে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণায়ের আওতাধীন ১৭টি দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে অনুষ্ঠান আয়োজন করবে। অনুষ্ঠানের একটি রূপরেখা সকল দপ্তর/সংস্থা আগামী ১৫ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে অবহিত করবে।<br>জেলা ও উপজেলা পর্যায়ে জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে জেলা/উপজেলা শিল্পকলা একাডেমি অংশগ্রহণ করবে। | তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপনের অংশ হিসেবে যে-কোনো ১টি বিভাগীয় জেলা প্রশাসনের সঙ্গে সমন্বয় করে আরকাইভাল রেকর্ডস ও বই প্রদর্শনীর/ মেলার আয়োজন করা হবে। |
| ২.৯ | বই মেলায় শহিদ পরিবারের সদস্য/ আহত/অভ্যুত্থানে অংশগ্রহণকারীদের গল্প বলার মঞ্চ তৈরি। | অমর একুশে গ্রন্থমেলা-২০২৫ উপলক্ষ্যে জুলাই বিপ্লবে শহিদ পরিবারের সদস্য/আহত/অভ্যুত্থানে অংশগ্রহণকারীদের গল্প বলার মঞ্চ তৈরি। যেখানে প্রতিদিন শহিদ পরিবার/আহত/অভ্যুত্থানে অংশগ্রহণকারীদের গল্প বলা হবে। উক্ত গল্পসমূহ ডিজিটাল ওরাল আরকাইভস এ সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অমর একুশে গ্রন্থমেলা-২০২৫ উপলক্ষ্যে জুলাই বিপ্লবে শহিদ পরিবারের সদস্য/আহত/অভ্যুত্থানে অংশগ্রহণকারীদের গল্প বলার মঞ্চ তৈরি করা হবে। যেখানে প্রতিদিন শহিদ পরিবার/আহত/অভ্যুত্থানে অংশগ্রহণকারীদের গল্প বলা হবে। উক্ত গল্পসমূহ ডিজিটাল ডিভাইসে ধারণপূর্বক ডিজিটাল ওরাল হিস্ট্রি আরকাইভস-এ সংরক্ষণ করা হবে। |

১৭-১২-২০২৪
ড. সালমা মমতাজ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
২২২২১৮৩৪৬
dg@nanl.gov.bd

সচিব (রুটিন দায়িত্ব )
সচিবের দপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণ:**
যুগ্মসচিব, অনুষ্ঠান শাখা , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।